ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন (৩য় তলা)
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

৪৬.১১৩.৩১৫.০০৩.০০৯.০৩০.১১-৮৬৪ তারিখ : ২০/০৭/২০২৩

০৬/০৭/২০২৩ইং তারিখ অনুষ্ঠিত রাজস্ব বিভাগের জুন/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
স্থান : শীতলক্ষ্যা মাল্টিপারপাস হল।
তারিখ : ০৬-০৭-২০২৩ইং।
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা কার্যবিবরণীর নথিতে সংরক্ষিত।

সভাপতি মহোদয় সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বাণিজ্যিক ব্যবস্থাপক সভার কাজ শুরু করেন।

শুরুতে গত ০২/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত রাজস্ব বিভাগের মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীর অনুমোদন নিশ্চিত করা হয়। অতঃপর ২০২২-২০২৩ অর্থ বছরের জুন/২০২৩ইং মাসের বিভিন্ন রাজস্ব জোনের বিলিং ও আদায় সহ ২০২২-২০২৩ অর্থ বছরের টার্গেট, বিলিং ও আদায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় জুন/২০২৩ইং মাসের বিলিং ও আদায়ে সন্তোষ প্রকাশ করা হয়। সভায় আদায়ের এই কার্যক্রম অব্যাহত রাখার এবং ১০০% বিল জারি এবং আদায়ের উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয়।

আলোচ্য বিষয় সমূহঃ

আলোচ্য সূচী-১ঃ মাসিক বিলিং ও আদায় কার্যক্রম পর্যালোচনাঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, জুন/২০২৩ইং মাসে ১৬৬০৬.২৩ লক্ষ টাকা বিল জারি হয় যা লক্ষ্যমাত্রার ১০১.৮৮%। আদায় হয়েছে ২০৫৫৮.৩৮ লক্ষ টাকা, যা লক্ষ্যমাত্রার ১২৬.১২% এবং জারীকৃত বিলের পরিমাণের ১২৩.৮০%। গত ২০২১-২০২২ অর্থ বছরের জুন/২০২২ইং পর্যন্ত বিলিং ও আদায়ের তুলনায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের জুন/২০২৩ইং পর্যন্ত বিলিং ১৫৯৫৭.৭১ লক্ষ টাকা (৮.৬৯%) বেশী এবং আদায় ১৫৩২৫.৪৫ লক্ষ টাকা (৮.৩৭%) বেশী হয়েছে। সভায় আরো জানানো হয় যে, ২০২২-২৩ অর্থ বছরে জুন/২০২৩ইং মাস পর্যন্ত গভীর নলকূপের নবায়ন ফি বাবদ সর্বমোট আদায় ৪৩২১.৫০ লক্ষ টাকা। বিস্তারিত আলোচনার, বকেয়া কমিয়ে আনার স্বার্থে প্রতি মাসের আদায় প্রতি মাসে পরিশোধ করার জন্য গ্রাহকের সাথে প্রয়োজনীয় পারসুয়েশন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।	১। রাজস্ব বিলিং ও আদায় বৃদ্ধি করতে হবে। লক্ষ্যমাত্রার ১০০% বিলিং, আদায় সহ বকেয়ার পরিমাণ কমিয়ে আনার জন্য ১০০% এর উপরে আদায় নিশ্চিত করতে হবে। ২। সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। ৩। বকেয়া কমিয়ে আনার স্বার্থে প্রতি মাসের বিল প্রতি মাসে পরিশোধ করার জন্য গ্রাহকের সাথে প্রয়োজনীয় পারসুয়েশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। প্রধান রাজস্ব কর্মকর্তা। ২। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন সমূহ। ৩। রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোনসমূহ।

অপর পাতা/২

আলোচ্যসূচী-২ ঃ সরকারি প্রতিষ্ঠান পিডব্লিউডি-এর বকেয়া আদায় প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, বর্তমানে ঢাকা ওয়াসার মোট বকেয়ার উল্লেখযোগ্য অংশ হচ্ছে পি.ডব্লিউ.ডি, সিভিল এভিয়েশন, স্বাস্থ্য ও পুলিশ বিভাগ। এদের বকেয়াগুলো আদায় করা যাচ্ছে না। এই ৪টি বিভাগের বকেয়া আদায় করা গেলে বকেয়ার বেঞ্চমার্ক অনেক নীচে নেমে আসবে। এই বকেয়া আদায়ের জন্য বিকল্প কোন ব্যবস্থা নেয়া প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি মহোদয় বলেন, বকেয়া আদায়ের স্বার্থে এদের সাথে নিয়মিত পারসুয়েশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়কে নিয়ে এই ৪টি দপ্তর/বিভাগের প্রধান ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব মহোদয়দের সাথে একটি মিটিং/ওয়ার্কসপের আয়োজন করা গেলে এদের বকেয়াগুলো আদায় হওয়ার সম্ভাবনা রয়েছে। এই মিটিং/ওয়ার্কসপের আয়োজনের জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের সচিব মহোদয়গণকে চিঠি দিয়ে সম্মতি গ্রহণ করে মাননীয় মন্ত্রী মহোদয়কে সেখানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। মন্ত্রী মহোদয়ের অনুপস্থিতিতে সচিবদের নিয়েই মিটিং করতে হবে। সভাপতি মহোদয়ের এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে সভায় গ্রহণ করা হয়।	১। পি.ডব্লিউ.ডি, সিভিল এভিয়েশন, স্বাস্থ্য ও পুলিশ এই ৪টি বিভাগের নিকট হতে বকেয়া আদায়ের স্বার্থে এদের সাথে নিয়মিত পারস্যুয়েশন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়কে নিয়ে এই ৪টি দপ্তর/বিভাগের প্রধান ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব মহোদয়দের সাথে একটি মিটিং/ওয়ার্কসপের আয়োজন করতে হবে। এই মিটিং/ওয়ার্কসপের আয়োজনের জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের প্রধান ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব মহোদয়গণকে চিঠি দিয়ে সম্মতি গ্রহণ করে মাননীয় মন্ত্রী মহোদয়কে সেখানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানাতে হবে। মন্ত্রী মহোদয় মহোদয়ের অনুপস্থিতিতে সচিবদের নিয়েই মিটিংয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। প্রধান রাজস্ব কর্মকর্তা। ২। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন সমূহ। ৩। রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোনসমূহ।

আলোচ্যসূচী-৩ ঃ রাজস্ব পরিদর্শকদের সহকারী/ডুপ্লি ব্যবহার প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, এখনও রাজস্ব পরিদর্শক/বিলিং সহকারীদের সহকারী/ডুপ্লি আছে বলে শোনা যাচ্ছে-যা কোন মতেই গ্রহণযোগ্য নয়। কোন কর্মচারীর সহকারী//ডুপ্লি রাখা শাস্তিযোগ্য অপরাধ। কোন কর্মচারীর সহকারী/ডুপ্লি পাওয়া গেলে সাথে সাথে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। কোন রকম ছাড় দেয়া হবে না মর্মে সিদ্ধান্ত হয়।	কোন কর্মচারীর সহকারী/ডুপ্লি পাওয়া গেলে সাথে সাথে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।	১। বাণিজ্যিক ব্যবস্থাপক। ২। প্রধান রাজস্ব কর্মকর্তা। ৩। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন সমূহ। ৪। রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোনসমূহ।

আলোচ্যসূচী-৪ ঃ L I C-এর বকেয়া রাইটঅফ করণ প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, এল আই সি-এর বকেয়ার মধ্যে পুড়ে যাওয়া এবং উচ্ছেদকৃত বস্তিগুলোর বকেয়াও রয়েছে, যা আদায় হওয়ার কোন সম্ভাবনা নেই- শুধু বকেয়ার পরিমাণ বেশী দেখাচ্ছে। এই বকেয়াগুলোর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, পুড়ে যাওয়া এবং উচ্ছেদকৃত বস্তিগুলোর যে সকল বকেয়া আছে তা রাইটঅফ করা যেতে পারে। সভায় প্রস্তাবটি সিদ্ধান্ত হিসেবে গ্রহণ করা হয়।	পুড়ে যাওয়া এবং উচ্ছেদকৃত বস্তিগুলোর যে সকল বকেয়া আছে তা রাইটঅফ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। বাণিজ্যিক ব্যবস্থাপক। ২। সিনিয়র কমিউনিটি অফিসার।

অপর পাতা/৩

আলোচ্যসূচী-৫ ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এ পি এ) এর কার্যক্রমের বার্ষিক মূল্যায়ন ও ক্রেষ্ট প্রদান প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, রাজস্ব বিভাগের কার্যক্রমকে উৎসাহিত ও সক্রিয় করার জন্য এ পি এ এর কর্মক্রম পর্যালোচনা করে পারফরমেন্স মুল্যায়ন রিপোর্ট অনুযায়ী (১) এ পি এ অব দা ইয়ার, (২) বিলিং প্রবৃদ্ধি, (৩) আদায় প্রবৃদ্ধি, (৪) বছরের বিল বছরে আদায়, (৫) সরকারি আদায় জোরদার করণ ও (৬) সর্বাধিক সেবা প্রদানকারী জোন হিসাবে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী নিম্নোক্ত জোনসমূহের মধ্যে ক্রেষ্ট বিতরণ করা হয়। অর্জিত মূল্যায়নে- ১। এপিএ অব দা ইয়ারঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-২ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-১ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-৮ ২। বিলিং প্রবৃদ্ধিঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-১ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-১৩ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-১ ৩। আদায় প্রবৃদ্ধিঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-২ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-১ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-৮ ৪। বছরের বিল বছরে আদায়ঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-৩ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-৫ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-১০ ৫। সরকারি আদায় জোরদারকরণঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-৬ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-২ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-৪ ৬। সর্বাধিক সেবাপ্রদানকারীঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-৭ দ্বিতীয় স্থানঃ রাজস্ব জোন-৯ তৃতীয় স্থানঃ রাজস্ব জোন-১ ৭। রয়্যালটি আদায় সংক্রান্তঃ প্রথম স্থানঃ রাজস্ব জোন-সেন্ট্রাল ডাংশন	পারফরমেন্স অনুযায়ী এ পি এ অব দা ইয়ার-এর ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী রাজস্ব জোন-কে যথাক্রমে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা, ৪০,০০/-(চল্লিশ হাজার) টাকা ও ৩০,০০/-(ত্রিশ হাজার) টাকা মাত্র এবং অবশিষ্ট বিষয়সমূহের মূল্যায়নে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী রাজস্ব জোন-কে যথাক্রমে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা, ২০,০০/-(বিশ হাজার) টাকা ও ১০,০০/-(দশ হাজার) টাকা সম্মানী প্রদান করা হবে। এছাড়া প্রত্যেক জোনকে জোনাল পারফরমেন্স মূল্যায়ন ও উৎসাহিত করার জন্য ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা করে অস্থায়ী অগ্রীম প্রদান করা হবে।	১। বাণিজ্যিক ব্যবস্থাপক। ২। প্রধান রাজস্ব কর্মকর্তা। ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা।

আলোচ্যসূচী-৬ ঃ রাস্তার কল বন্ধ করা প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, রাস্তার কল বন্ধ করার ব্যাপারে সরকারের পক্ষ থেকে এখনো কোন সিদ্ধান্ত জানানো হয়নি। অতএব, রাস্তার কল থাকা পর্যন্ত বিল জারী অব্যাহত রাখতে হবে। আলোচনায় রাস্তার কল বন্ধ রাখার ব্যাপারে মন্ত্রণালয়ে পত্র দেয়ার সিদ্ধান্ত হয়।	রাস্তার কল থাকা পর্যন্ত বিল জারী অব্যাহত রাখা এবং রাস্তার কল বন্ধ রাখার ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র দেয়ার সিদ্ধান্ত হয়।	১। প্রধান প্রকৌশলী। ২। বাণিজ্যিক ব্যবস্থাপক। ৩। প্রধান রাজস্ব কর্মকর্তা। ৪। রাজস্ব জোন-২।

অপর পাতা/৪

আলোচ্যসূচী-৭ ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এ পি এ) এর কার্যক্রমের মাসিক মূল্যায়ন ও সম্মানী প্রদান প্রসংগে।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এ প্রসংগে সভায় জানানো হয়, রাজস্ব বিভাগের কর্মকর্তাকে উৎসাহিত ও সক্রিয় করার জন্য এ পি এ এর কার্যক্রম হিসাবে রাজস্ব জোন সমূহের এপ্রিল, মে ও জুন/২০২৩ মাসের মাসিক কার্যক্রম পর্যালোচনা করে পারফরমেন্স অনুযায়ী মূল্যায়ন রিপোর্ট তৈরী করা হয়েছে। পর্যালোচনায়, এ পি এ'র অর্জিত মূল্যায়নে এপ্রিল/২০২৩ মাসে রাজস্ব জোন-১ প্রথম, রাজস্ব জোন-২ দ্বিতীয় ও রাজস্ব জোন-১০ তৃতীয় স্থান, মে/২০২৩ মাসে রাজস্ব জোন-১ প্রথম, রাজস্ব জোন-২ দ্বিতীয় ও রাজস্ব জোন-১০ তৃতীয় স্থান এবং জুন/২০২৩ মাসে রাজস্ব জোন-২ প্রথম, রাজস্ব জোন-১ দ্বিতীয় ও রাজস্ব জোন-১০ তৃতীয় স্থান অর্জন করেছেন।	পারফরমেন্স অনুযায়ী ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী রাজস্ব জোন-কে যথাক্রমে ১০,০০০/-(দশ হাজার মাত্র) টাকা, ৭০০০/-(সাত হাজার মাত্র) টাকা ও ৫০০০/-(পাঁচ হাজার মাত্র) টাকা এবং প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী জোনাল প্রধানগণকে যথাক্রমে ৫০০০/-টাকা, ৪০০০/-টাকা ও ৩০০০/-টাকা সম্মানী প্রদানের সিদ্ধান্ত হয়।	১। প্রধান প্রকৌশলী। ২। বাণিজ্যিক ব্যবস্থাপক। ৩। প্রধান রাজস্ব কর্মকর্তা। ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা।

পরিশেষে গুরুত্বপূর্ণ মতামত ও সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

10/7/23

প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

স্মারক নং- ৪৬.১১৩.৩১৫.০২০.০০৯.০০০.১৩- ৮৬৪ তারিখ- ২০/০৭/২০২৩

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন/ওএন্ডএম/আরপিএন্ডডি/অর্থ), ঢাকা ওয়াসা।
২। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
৪। সচিব, ঢাকা ওয়াসা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (এমআইএস), ঢাকা ওয়াসা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৭। আইন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৮। উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন............., ঢাকা ওয়াসা।
৯। উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১০। সিনিয়র কমিউনিটি অফিসার, ঢাকা ওয়াসা।
১১। রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-----------, ঢাকা ওয়াসা।
১২। পিএ-টু-ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

20/7/2023

প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা।